

ছয় দফা দাবিতে ইসটিটিউট অব মেডিকেল টেকনোলজির শিক্ষার্থীদের সংবাদ সম্মেলন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ইনকোর্স ট্রেনিঙের নামে শিক্ষার্থীদের কাছ থেকে যোটা অর্ডার ঢাকা হস্তক্ষেপে নিচ্ছে রাজধানীর মিরপুরের ইসটিটিউট অব মেডিকেল টেকনোলজি কর্তৃপক্ষ। বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনে শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এমন অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা ইনকোর্স ট্রেনিঙে অতিরিক্ত বেতন ধার্য, পরীক্ষাকে পুঞ্জি করে অতিরিক্ত টাকা নেয়া, প্রতিষ্ঠানের নিজস্ব ক্যাম্পাস প্রতিষ্ঠা, ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাবর্তনে অংশগ্রহণের সুযোগ প্রদানসহ ছয় দফা দাবি জানান। দাবি আদায় না হলে ১৮ মার্চ হাফ অধিদপ্তরের মহাপরিচালকের কাছে স্মারকলিপি প্রদান, ২০ মার্চ শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি ও ২২ মার্চ সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সামনে আমরণ অনশন কর্মসূচি গ্রহণের হুমকি দেয়া হয়।

পিসিত বক্তব্যে মেডিকেল টেকনোলজির শিক্ষার্থী ইসরাউ সুলতানা রুনা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানটির শতাধিক শিক্ষার্থীর কাছে ১০ হাজার টাকা করে অতিরিক্ত ফি দাবি করা হচ্ছে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষাকে পুঞ্জি করে অতিরিক্ত বেতন দাবি করছে এবং অতিরিক্ত ফি না দিলে আসন্ন সমাবর্তনে অংশগ্রহণ করতে না দিতে হুমকি দেয়া হয়েছে। চতুর্থ ব্যাচের ছাত্র আশ্রাফাত জ্ঞানান, বিএসসি ইন হেলথ টেকনোলজির চার বছর মেয়াদের কোর্সের জন্য তাদের কাছ থেকে অর্ধ লক্ষাধিক টাকা নেয়া হলেও ল্যাব, হাসপাতাল ও ক্যাম্পাস কোনো অবকাঠামো নেই। প্রয়োজনীয় ক্লাসরুম ও শিক্ষক না থাকায় ঠিকমত

ক্লাস হয় না বলেও তিনি জানান। সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পঞ্চম ব্যাচের শিক্ষার্থী নাসিরুদ্দিন সোহেল, চতুর্থ ব্যাচের শাওন ও প্রথম ব্যাচের মোস্তাফিজ। এ প্রসঙ্গে কলেজ ব্যবস্থাপনা পরিচালক অধ্যাপক ডা. আবদুল মালেকের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে বারবার ফোনের সংযোগ কেটে গেল।